



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

প্রশাসন বিভাগ

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



নম্বর: ১৩.০১.০০০০.০৩১.৩২.০০১.১৮.১৩০

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৯

১৬ ফেব্রুয়ারি ২০২৩

## অফিস আদেশ

অত্র দপ্তরের ১১/১০/২০১৫ খ্রি. তারিখের ১৩০৫ নং স্মারকে চাকরিরত অবস্থায় নির্ধারিত ছক মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি/পরীক্ষায় অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হয়। পরবর্তীতে অত্র দপ্তরের ২৯/০৮/২০১৭ তারিখের ১৬১৪ নং স্মারকে ক্ষমতা বিকেন্দ্রীকরণ করে উচ্চশিক্ষা গ্রহণের জন্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি/চাকরিতে প্রবেশের পূর্বে ভর্তি হওয়া কোর্সের পরীক্ষায় অংশ গ্রহণের অনুমতি সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সকল সাইলো অধীক্ষক, প্রধান মিলার ও প্রধান নিয়ন্ত্রককে পুনঃ হস্তান্তর করা হয়। এছাড়া অত্র দপ্তরের ০১/০২/২০১৮ খ্রি. তারিখের ৬১ নং স্মারকে নির্ধারিত ছক মোতাবেক শিক্ষাগত যোগ্যতা জ্যেষ্ঠতা তালিকা ও চাকরি বহিতে অর্ন্তভুক্ত/ লিপিবদ্ধকরণের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, উক্ত নির্দেশনা যথাযথভাবে পালন না করে শিক্ষাগত যোগ্যতা জ্যেষ্ঠতা তালিকা ও চাকরি বহিতে অর্ন্তভুক্ত/লিপিবদ্ধকরণের আবেদনসহ শিক্ষাগত যোগ্যতার ভূতাপেক্ষ অনুমতির জন্যও আবেদন প্রেরণ করা হয়; যা কাম্য নয়।

এমতাবস্থায়, খাদ্য অধিদপ্তরাধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে চাকরিরত অবস্থায় শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি/পরীক্ষায় অংশগ্রহণের পূর্বেই অনুমতি গ্রহণের জন্য নির্দেশ প্রদান হলো। ভবিষ্যতে শিক্ষাগত যোগ্যতার ভূতাপেক্ষ অনুমতির আবেদন অত্র দপ্তরে প্রেরণ না করার জন্যও নির্দেশ প্রদান করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১৬-২-২০২৩

মামুন আল মোর্শেদ চৌধুরী

উপপরিচালক

ফোন: +৮৮-০২-৪১০৫০৭২৩

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: dd.est@dgfood.gov.bd


নম্বর: ১৩.০১.০০০০.০৩১.৩২.০০১.১৮.১৩০/১(১০৬)

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৯

১৬ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ২) পরিচালক, প্রশাসন/সববি/চসসা/হিসাব ও অর্থ/পউকা/সংগ্রহ/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৩) প্রধান মিলার, পোস্তুগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা
- ৪) বিজ্ঞ আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মেইনটেন্যান্স ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৬) অতিরিক্ত পরিচালক, এম.আই.এস.এন্ড.এম/অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ (তার নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরে আদেশটি প্রেরণ করতে অনুরোধ করা হলো)
- ৮) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
- ৯) সাইলো অধীক্ষক নারায়ণগঞ্জ সাইলো/চট্টগ্রাম সাইলো/আশুগঞ্জ সাইলো, বি-বাড়ীয়া/সান্তাহার সাইলো, বগুড়া/স্টীল সাইলো, খুলনা/মোংলা সাইলো, বাগেরহাট
- ১০) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (আদেশটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ১১) উপ-পরিচালক(তদন্ত ও মামলা/পিপিটি/বাহিনি), প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ১২) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল),.....
- ১৩) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা
- ১৪) ব্যবস্থাপক (সকল),.....
- ১৫) মহাপরিচালক (গ্রেড-১) এর একান্ত সচিব, মহাপরিচালক (গ্রেড-১) এর দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক (গ্রেড-১) এর মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৬) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ১৭) সহকারী উপপরিচালক (সংস্থাপন), প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ১৮) পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ১৯) অফিস/মাস্টার কপি



১৬-২-২০২৩

মামুন আল মোর্শেদ চৌধুরী  
উপপরিচালক